দু’জনের খাবার তিনজনের জন্যে যথেষ্ট ও তিনজনের খাবার চারজনের জন্য যথেষ্ট।

আবূ হুরায়রা রাদিয়াল্লাহু ‘আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, “দু’জনের খাবার তিনজনের জন্যে যথেষ্ট ও তিনজনের খাবার চারজনের জন্যে যথেষ্ট।” মুসলিমের অন্য এক বর্ণনায় জাবের রাদিয়াল্লাহু ‘আনহু থেকে বর্ণিত, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, “একজনের খাবার দু’জনের জন্যে যথেষ্ট, দু’জনের খাবার চারজনের জন্যে যথেষ্ট এবং চারজনের খাবার আটজনের জন্য
যথেষ্ট।”
[সহীহ] [এটি মুসলিম বর্ণনা করেছেন। - মুত্তাফাকুন ‘আলাইহি (বুখারী ও মুসলিম)।]

হাদীসটিতে খাবারের ক্ষেত্রে সহানুভূতি দেখাতে উদ্বুদ্ধ করা হয়েছে। আর এটাও বুঝানো হয়েছে যে, খাবার যদি কমও হয় তবুও তার দ্বারা যথেষ্ট হওয়ার মত উদ্দেশ্য হাসিল হবে এবং তাতে এমন বরকত হবে, যা উপস্থিত সবাইকে অন্তর্ভুক্ত করবে। অন্যকে অগ্রাধিকার দেওয়ার বিষয়ে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের পক্ষ থেকে এটি একটি বিশেষ উৎসাহ প্রদান। অর্থাৎ তুমি যদি তোমার খাবার নিয়ে বস, যা তোমার হিসেবে তোমার জন্যেই যথেষ্ট হবে, ইত্যবসরে অপর একজন এসে পড়লে, তার ব্যাপারে কার্পণ্য কর না এবং বলবে না যে এটা আমার একার খাবার বরং তার থেকে তাকেও দাও; যাতে করে উভয়ের জন্যেই তা যথেষ্ট হয়।

https://sunnah.global/hadeeth/bn/show/6057